বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা

**আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল (সেবা) সরবরাহের দরপ্রস্তাব বিজ্ঞপ্তি**

স্মারক নং- ৪৭.৬৩.০০০০.৬২.০১১.০০১.২০২৬/২৪ তারিখঃ ১৭/০৫/২০২৬ খ্রি.

বার্ড কর্তৃক বাস্তবায়নাধীন গ্রাম সংগঠনের মাধ্যমে প্রতিবেশ উপযোগী কৃষি প্রযুক্তির সম্প্রসারণ" প্রকল্পের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল (সেবা) সরবরাহের লক্ষ্যে আগামী ০২ বছরের জন্য সার্কুল্য (Consolidated) বেতনের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে দরপ্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | সর্বসাকুল্যে বেতন | বয়সসীমা | শিক্ষগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী | ০৯ | ১৮,৫১৪.০০ | ৩২ (অভিজ্ঞ ব্যক্তিদের ক্ষেত্রে ৪০ বছর) | নূন্যতম এইচ এস সি পাশ এবং কম্পিউটার পরিচালনা, অফিস ব্যবস্থাপনা এবং গ্রাম সংগঠন সৃজন, ব্যবস্থাপনা ও কৃষি বিষয়ক প্রকল্প বাস্তবায়নে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০২ | ড্রাইভার | ০১ | ১৭,৯৯২.০০ | ৩২ (অভিজ্ঞ ব্যক্তিদের ক্ষেত্রে ৪০ বছর) | নূন্যতম এসএসসি/সমমান পাশ এবং সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং বৈধ ভারী যানবাহন লাইসেন্সধারী হতে হবে। |
| ০৩ | গ্রাম সংগঠক | ১৫ | ১৮,৫১৪.০০ | ৩২ (অভিজ্ঞ ব্যক্তিদের ক্ষেত্রে ৪০ বছর) | নূন্যতম এস এস সি পাশ ও কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। গ্রাম সংগঠন সৃজন, ব্যবস্থাপনা ও কৃষি বিষয়ক প্রকল্প বাস্তবায়নে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। কৃষি ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | অফিস সহায়ক | ০১ | ১৬,৬৭৩.০০ | ৩২ (অভিজ্ঞ ব্যক্তিদের ক্ষেত্রে ৪০ বছর) | নূন্যতম এস এস সি পাশ এবং সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। |

**শর্তাবলী**

১। দরপ্রস্তাবে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠান এর হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র, জাতীয় পরিচয় পত্র থাকতে হবে। দরপ্রস্তাব অংশগ্রহনকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে নিম্নোক্ত ছক মোতাবেক পরিচালক (কৃষি ও পরিবেশ) ও প্রকল্প পরিচালক, গ্রাম সংগঠনের মাধ্যমে কৃষি প্রযুক্তির সম্প্রসারণ প্রকল্প, বার্ড, কোটবাড়ী, কুমিল্লা এর বরাবর দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

| পদের নাম | পদের সংখ্যা | কর্মচারীদের জন্য মাসিক সাকুল্যে বেতন | প্রতিষ্ঠানের মাসিক সার্ভিস চার্জ (মুনাফা) | ভ্যাট, আয়কর ও অন্যান্য ব্যয় (সরকারি বিধি মোতাবেক) | ১ জনের প্রতি মাসের মোট দর |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

২। দরপ্রস্তাবে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে আউটসোর্সিং প্রক্রিয়ায় সরকারি অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনবল সরবরাহের ২ বছরের অভিজ্ঞতা থাকবে হবে। যে কোন সরকারী অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ১ কোটি টাকা মূল্যের কার্যাদেশ থাকতে হবে। অবশ্যই DIFE লাইসেন্স হালনাগাদ থাকতে হবে।

৩। আগামী ১১/০৬/২০২৬খ্রি.তারিখ বেলা ১২.০০ ঘটিকায় মধ্যে প্রকল্প পরিচালকের কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে সিলগালা খামে দরপ্রস্তাব দাখিল করতে হবে। একই তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় সময় প্রাপ্ত দরপ্রস্তাব দাখিলকারীদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

৪। দরপ্রস্তাবের সাথে প্রকল্প পরিচালক, গ্রাম সংগঠনের মাধ্যমে কৃষি প্রযুক্তির সম্প্রসারণ প্রকল্প, বার্ড, কোটবাড়ী, কুমিল্লা বরাবর ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার পে- অর্ডার/ব্যাংক ড্রাফট নিরাপত্তা জামানত হিসাবে দাখিল করতে হবে।

৫। প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে তাদের যোগ্যতা ও কোটেশন মূল্য যাচাই বাছাই করা

৬। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি মোতাবেক প্রকল্পের নির্ধারিত খাতের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে বিল পরিশোধ করা হবে এবং প্রতিষ্ঠানের মাসিক বিল হতে বিধি মোতাবেক সরকার নির্ধারিত ভ্যাট ও অন্যান্য চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

৭। চূড়ান্ত ভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রকল্প পরিচালকের পক্ষে থেকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৮। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে উক্ত প্রকল্পের পক্ষে চুক্তিপত্র ২ (দুই) বছরের জন্য করা হবে। তবে মেয়াদান্তে উভয় পক্ষের সম্মতিক্রমে নবায়ন করা যেতে পারে।

৯। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০২ (দুই) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১০। সরবরাহকৃত জনবলের মধ্যে কারো কাজের মান সন্তোষজনক না হলে অবহিতকরনের ১০ (দশ) দিনের মধ্যে সংশিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।

১১। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের জনপ্রতি ০১ (এক) বছরের বেতনের ১০% হারে নিরাপত্তা জামানত পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে প্রকল্প পরিচালকের বরাবর জমা দিতে হবে। চুক্তি মেয়াদ শেষে উক্ত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

১২। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারী অদক্ষতা, অর্থ আত্মসাৎ, অবহেলার কারনে উক্ত প্রকল্পের কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।

১৩। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহনের ক্ষেত্রে 'আউটসোর্সিং নীতিমালা ২০২৫' ও 'পিপিআর ২০২৫' এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

১৪। দরপ্রস্তাবের বিজ্ঞপ্তি বার্ড, কুমিল্লার এর ওয়েবসাইট www.bard.gov.bd এ পাওয়া যাবে।

১৫। কর্তৃপক্ষ যে কোন দরপ্রস্তাব গ্রহণ বা বাতিল ক্ষমতা সংরক্ষণ করেন।

(ড. মোঃ আনোয়ার হোসেন ভূঁঞা)
প্রকল্প পরিচালক
গ্রাম সংগঠনের মাধ্যমে প্রতিবেশ উপযোগী
কৃষি প্রযুক্তির সম্প্রসারণ প্রকল্প